

PRINT

# সমকাল

## পাবিপ্রবির নতুন উপাচার্য ড. রোস্তুম আলী

১১ ঘণ্টা আগে

### পাবনা অফিস

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পাবিপ্রবি) নতুন উপাচার্য হিসেবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল বিভাগের অধ্যাপক ড. এম রোস্তুম আলীকে নিয়োগ দেওয়া হয়েছে। বুধবার রাষ্ট্রপতি ও আচার্য মো. আবদুল হামিদ এ নিয়োগ দেন। দুপুরেই তিনি উপাচার্য হিসেবে যোগদান করেছেন। যোগদানের পর তিনি বিশ্ববিদ্যালয়ে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান।

নবনিযুক্ত উপাচার্য ক্যাম্পাসে এলে তাকে শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীরা বরণ করে নেন। এ সময় ট্রেজারার অফিস, রেজিস্ট্রার অফিস, বিভিন্ন অনুষদের ডিন ও ছাত্রলীগ তাকে শুভেচ্ছা জানায়।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com